

ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ: ২২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

পদার্থবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের এম.এস. ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ভর্তির জন্য সকল পাবলিক/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে নিম্নলিখিত বিষয়ে ন্যূনতম ৪ (চার) বছর মেয়াদী বি.এস. (সম্মান) ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা মাস্টার্স প্রোগ্রামে শূন্য আসনে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

Physics	Biomedical Engineering
Applied Physics	Meteorology
Mathematics	Robotics & Mechatronics
Electrical and Electronic Engineering (EEE)	Material & Meteorological Engineering
Applied Mathematics	Nuclear Engineering
Chemistry, Applied Chemistry	Mechanical Engineering
Chemical Engineering	Civil Engineering
Materials Science	Information Technology
Computer Science and Engineering (CSE)	Electronics and Communication Engineering (ECE)
Other subjects related to Physical Science and Engineering	

ভর্তি পরীক্ষায় লিখিত ও মৌখিক অংশ থাকবে এবং মোট নম্বর হবে ১০০। ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞানের বি.এস. (সম্মান) শ্রেণির সিলেবাস অনুযায়ী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিষয়সমূহ: Mechanics and Properties of Matter, Thermal Physics, Electricity and Magnetism, Waves, Oscillations and Advanced Mechanics, Mathematical Physics, Electronics, Atomic and Molecular Physics, Geometrical and Physical Optics, Experimental Physics।

প্রার্থীদের মাধ্যমিক/সম্মান ও উচ্চ মাধ্যমিক/সম্মানের ঢাকা বিশ্ববিদ্যালয় ও সংশ্লিষ্ট ইউনিট কর্তৃক স্নাতক-পূর্ব শ্রেণিতে ভর্তির ন্যূনতম যোগ্যতা পূরণ করতে হবে এবং বি.এস. (সম্মান) পরীক্ষায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.২৫ থাকতে হবে। উল্লেখ্য যে, বি.এস. (সম্মান) ৪র্থ বর্ষের Appeared Certificate দিয়ে আবেদন করা যাবে। সেক্ষেত্রে ভর্তির সময় ন্যূনতম যোগ্যতার শর্ত পূরণ করতে হবে।

বিদেশী বিশ্ববিদ্যালয়ের স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী অর্জনকারী শিক্ষার্থীরা অনুষদ কর্তৃক ডিগ্রীর সমতা নিরূপণ সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

বিভাগ কর্তৃক নির্ধারিত আবেদন ফরম বিভাগীয় ওয়েবসাইট (<https://www.du.ac.bd/body/PHY>) থেকে ডাউনলোড করা যাবে।

ভর্তিচ্ছু সকল শিক্ষার্থীদের আগামী ০৬/০২/২০২৫ তারিখ বৃহস্পতিবার থেকে ২০/০২/২০২৫ তারিখ বৃহস্পতিবারের মধ্যে নিম্নলিখিত ডকুমেন্টসমূহ বিভাগীয় অফিসে/অনলাইনে (উক্ত ওয়েবসাইটের মাধ্যমে) জমা দিতে হবে:


- ১। পূরণকৃত এবং স্বাক্ষরকৃত ভর্তির আবেদন ফরম।
- ২। এস.এস.সি. ও এইচ.এস.সি. এবং বি.এস. (সম্মান) ১ম বর্ষ থেকে ৪র্থ বর্ষ পর্যন্ত সকল মার্কশীটের সত্যায়িত ফোটোকপি (৪র্থ বর্ষের ফলাফল প্রকাশিত না হলে ৩য় বর্ষ পর্যন্ত মার্কশীটের সত্যায়িত ফোটোকপি এবং ৪র্থ বর্ষের মূল Appeared Certificate সহ)।
- ৩। সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ৪। ভর্তি পরীক্ষার ফি বাবদ বিভাগের ব্যাংক হিসাবে (হিসাবের নাম: Chairman, Dept. of Physics হিসাব নং: 4405734068369, সোনালী ব্যাংক লিমিটেড, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা) টাকা ১,৫০০/- (এক হাজার পাঁচশত) জমাদানের/প্রেরণের প্রমাণপত্র।

যেসকল শিক্ষার্থী ভর্তির যোগ্যতা পূরণ করবেন তাদের নামের তালিকা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। নির্বাচিত পরীক্ষার্থীগণ আগামী ২৬/০২/২০২৫ তারিখ বুধবার থেকে ২৭/০২/২০২৫ তারিখ বৃহস্পতিবারের মধ্যে এবং পরীক্ষার দিন সকাল ১০:৩০ টার মধ্যে বিভাগীয় অফিস থেকে পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।

ভর্তি পরীক্ষার তারিখঃ ০২ মার্চ ২০২৫ (রবিবার)

সময়ঃ সকাল ১১:০০ হতে দুপুর ১২:৩০ পর্যন্ত

ধন্যবাদান্তে,



অধ্যাপক ড. সুপ্রিয়া সাহা

05 FEB 2025

চেয়ারম্যান
পদার্থবিজ্ঞান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

(যোগাযোগ: মোঃ রাফিউল ইসলাম- ০১৮৬৪-২৩৩৮১৯)